**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/15/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করেছেন যে সুবিধাবঞ্চিত তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন চাকরি প্রদান করার জন্য 46 মিলিয়ন ডলারের বেশি অনুমোদন করা হয়েছে

***গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসংস্থান কর্মসূচি তরুণ-তরুণীদের জন্য চাকরি এবং মূল্যবান প্রশিক্ষণ প্রদান করে***

***নিম্ন আয়ের পরিবার থেকে আনুমানিক 19,000 তরুণ-তরুণীদের এই বছর অংশগ্রহণ করবে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে এই বছর নিউ ইয়র্ক স্টেটের গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসংস্থান কর্মসূচিকে সমর্থন করার জন্য 46 মিলিয়ন ডলারের বেশি উপলব্ধ হবে। অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance) দ্বারা প্রশাসিত, কর্মসূচীটি স্বল্প আয়ের পরিবারের যুবক-যুবতীদের শ্রমবাজারের সাথে সংযুক্ত করায় যাতে তারা প্রয়োজনীয় দক্ষতা বিকাশ করতে পারে যা তাদের স্কুলের কর্মক্ষমতা উন্নত করতে এবং দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক হতে সাহায্য করবে।

"গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসংস্থানের কর্মসূচী এটি আমাদের পরবর্তী প্রজন্মের কর্মীবলের উদ্দেশ্যে একটি বুদ্ধিমান, লক্ষ্যযুক্ত বিনিয়োগের প্রতিনিধিত্ব করে যা নিউ ইয়র্ক স্টেটের জন্য সুফল প্রদান করবে," **গভর্নর হোকল বলেন।** "আমরা সুবিধাবঞ্চিত যুবকদের জন্য শ্রমবাজারে প্রবেশের বাধাগুলি দূর করতে প্রতিশ্রুতিবদ্ধ, এবং এই কর্মসূচিতে অংশগ্রহণকারী তরুণ-তরুণীরা মূল্যবান দক্ষতা শিখবে, শিক্ষাগত অর্জনের গুরুত্ব এবং সর্বোপরি, সাফল্যের পথে পরিচালিত হবে।"

"অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স (Office of Temporary and Disability Assistance, OTDA) দ্বারা পরিচালিত গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসূচী বাচ্চাদের ব্যস্ত রাখে, রাস্তা এবং ডিভাইসগুলি থেকে দূরে রাখে তাদের বাস্তব কাজের অভিজ্ঞতা প্রদান করে," **লেফটেন্যান্ট গভর্নর আন্তোনিও ডেলগাডো বলেছেন।** "এই কর্মসূচীটি এমন বাচ্চাদের বাস্তব জীবনের দক্ষতা বিকাশের সুযোগ দেয় যারা অন্যথায় তার সুযোগ নাও পেতে পারে যা সারাজীবন তাদের সাথে থাকবে। আমাদের সকল শিশু, তারা যেখানেই থাকুক না কেন,

তাদের ত্বকের রঙ যাই হোক বা তারা যেভাবে বড় হয়ে থাকুক না কেন, তাদের জীবন উন্নত করার সুযোগ নিশ্চিত করা, একটি রাষ্ট্র হিসেবে আমাদের দায়িত্ব।”

গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসংস্থানের কর্মসূচী নিম্ন আয়ের পরিবারের তরুণ-তরুণীদের জন্য গ্রীষ্মকালীন চাকুরি সৃষ্টি করতে রাজ্য জুড়ে জনগোষ্ঠীকে সমর্থন করে, যার মধ্যে অন্তর্ভুক্ত সেই সকল সম্প্রদায় যেখানে তরুণ-তরুণীরা বন্দুক সংক্রান্ত সহিংসতার ক্ষেত্রে ঝুঁকিতে থাকেন বা তার প্রবণতা বেশি। অংশগ্রহণকারীরা অন্যান্য চাকরির মধ্যে পার্ক, নার্সিং হোম, গ্রীষ্মকালীন ক্যাম্প, শিশু পরিকর্জর সংস্থা, বয়স্ক নাগরিকদের কেন্দ্র এবং সাম্প্রদায়িক বিনোদন কেন্দ্রের মতো জায়গায় প্রাথমিক স্তরের চাকরিতে কাজ করে।

প্রোগ্রামটি বন্দুক সহিংসতা মোকাবেলায় গভর্নরের ব্যাপক পরিকল্পনার পরিপূরক, যার মধ্যে আছে SNUG স্ট্রিট আউটরিচের সম্প্রসারণ কর্মসূচী যা দ্বন্দ্বের মধ্যস্থতা করতে সাহায্য করে এবং তরুণদের পরামর্শ প্রদান করে।

2022 কর্মসূচীর জন্য যোগ্য হওয়ার জন্য, অল্পবয়স্কদের বয়স অবশ্যই 14 থেকে 20 বছরের মধ্যে হতে হবে এবং ফেডেরাল দারিদ্র্য সীমার 200 শতাংশের নিচে পারিবারিক আয় হতে হবে, বা তিন সদস্যের একটি পরিবারের জন্য 46,060 ডলারের কম আয় হতে হবে। নিয়োগকর্তারা এই তহবিল ব্যবহার করে মজুরিতে ভর্তুকি, শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তা প্রদান করতে পারেন এবং তার সাথে কাউন্সেলিং এবং কেস ম্যানেজমেন্ট ও কর্মসংস্থান-সম্পর্কিত পরিষেবা, যেমন কর্মস্থলে যাতায়াতের পরিবহণের ব্যবস্থা প্রদান করতে পারেন। অংশগ্রহণের জন্য আগ্রহী তরুণ-তরুণীরা তাদের স্থানীয় সমাজসেবা বিভাগের সাথে যোগাযোগ করতে পারেন।

প্রোগ্রামটি 18,500 টিরও বেশি তরুণ-তরুণীদের পরিষেবা প্রদান করেছিল গত বছর, তাদের মূল্যবান কর্মশক্তির অভিজ্ঞতা প্রদান করে এবং প্রায়শই পরবর্তী সময়ে উন্নত শিক্ষাগত কর্মক্ষমতার ফল প্রদান করে।

**অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্সের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিটজ বলেন,** "একটি ইতিবাচক কর্মশক্তির অভিজ্ঞতা যুবকদের উপর যে প্রভাব ফেলতে পারে তা সম্পর্কে বাড়িয়ে বলা যায় না, বিশেষ করে সেই সকল তরুণ-তরুণীদের জন্য যারা স্বল্প আয়ের পরিবার থেকে আসছেন। এখানে একটি ক্রমবর্ধমান গবেষণা রয়েছে যা এই কর্মসূচীর অসংখ্য এবং বিস্তৃত সুবিধাগুলি পরীক্ষা করে কারণ নিম্ন আয়ের যুবকরা প্রায়শই জীবন ধারণের জন্য পর্যাপ্ত মজুরির কাজ এবং উচ্চ শিক্ষার প্রতি রূপান্তরের ক্ষেত্রে প্রতিবন্ধকতার মুখোমুখি হয়। এটি যে আয় প্রদান করে তা ছাড়াও, গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসূচী এই যুবকদের শিক্ষাগত অর্জনের গুরুত্ব চিনতে এবং শেষ পর্যন্ত তাদের কর্মজীবনের আকাঙ্খা প্রসারিত করতে সাহায্য করতে পারে।"

**রাজ্য সিনেটর রোক্সান জে. পারসাউড বলেছেন,** "গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসংস্থানের কর্মসূচী হল তরুণ-তরুণী নিউ ইয়র্কবাসীদের মধ্যে পরিবর্তনের জন্য একটি অনুঘটক যারা অন্যথায় সবেতন গ্রীষ্মকালীন কর্মসংস্থানের মাধ্যমে শেখার, বেড়ে ওঠা এবং তাদের জীবন বৃত্তান্ত তৈরি করার একই সুযোগ নাও পেতে পারে। গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের

কর্মসংস্থানের কর্মসূচী (Summer Youth Employment Program, SYEP) নিউ ইয়র্ক স্টেট জুড়ে হাজার হাজার তরুণ-তরুণীকে সরকারি, বেসরকারি এবং অলাভজনক খাতে অর্থপূর্ণ কর্মসংস্থানের সাথে সংযুক্ত করে। নিউ ইয়র্ক স্টেট থেকে 46 মিলিয়ন ডলারের বিনিয়োগ নিশ্চিত করতে সাহায্য করে যে সব চেয়ে অর্থনৈতিকভাবে সীমাবদ্ধ পরিবারের তরুণ-তরুণীদের কআছে এই দুর্দান্ত সুযোগ উপলব্ধ হয়।"

**বিধানসভার সদস্য লিন্ডা বি রোসেন্থাল বলেছেন,** "গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসংস্থানের কর্মসূচীতে প্রোগ্রামে বিনিয়োগ আগামী বহু বছরের জন্য ফল দিতে থাকবে। গ্রীষ্মকালীন তরুণ-তরুণীদের কর্মসংস্থানের কর্মসূচিতে অংশগ্রহণকারী অল্পবয়স্করা প্রায়শই বৃহত্তর শিক্ষাগত সাফল্যের অভিজ্ঞতা লাভ করে এবং তার সাথে তাদের কর্মজীবনের বিভিন্ন পথ অন্বেষণ করার সুযোগ থাকে। এই বছরের কর্মসূচিতে 46 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ রাজ্য জুড়ে কাউন্টিগুলিকে সুবিধাবঞ্চিত তরুণ-তরুণীদের সহায়তা করতে সক্ষম করবে এবং তার সাথে পার্ক, গ্রীষ্মকালীন ক্যাম্প, শিশু পরিচর্যার সংস্থা, বয়স্ক নাগরিকদের কেন্দ্র এবং বিনোদন কেন্দ্রগুলিকে মূল্যবান সহায়তা পেতে সহায়তা করবে৷ আমরা এই গ্রীষ্মে হাজার হাজার যুবকদের প্রয়োজনীয় কাজের অভিজ্ঞতা অর্জনের সুযোগ দেওয়ার সাথে আমরা তাদের পরবর্তী জীবনে তাদের লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং শিক্ষা দিয়ে সজ্জিত করতেও সাহায্য করব।"

| কাউন্টি | অর্থায়ন |
|---|---|
| **Albany** | **$649,223** |
| **Allegany** | **$188,995** |
| **Broome** | **$524,430** |
| **Cattaraugus** | **$268,058** |
| **Cayuga** | **$190,526** |
| **Chautauqua** | **$409,747** |
| **Chemung** | **$212,999** |
| **Chenango** | **$143,435** |
| **Clinton** | **$210,251** |
| **Columbia** | **$110,582** |
| **Cortland** | **$149,431** |
| **Delaware** | **$122,498** |
| **Dutchess** | **$526,168** |
| **Erie** | **$2,093,125** |
| **Essex** | **$78,159** |
| **Franklin** | **$156,585** |
| **Fulton** | **$140,200** |
| **Genesee** | **$116,649** |

| | |
|---|---|
| **Greene** | **$115,533** |
| **Hamilton** | **$11,874** |
| **Herkimer** | **$163,548** |
| **Jefferson** | **$306,198** |
| **Lewis** | **$80,035** |
| **Livingston** | **$169,986** |
| **Madison** | **$181,794** |
| **Monroe** | **$1,767,739** |
| **Montgomery** | **$138,448** |
| **Nassau** | **$1,463,132** |
| **Niagara** | **$464,512** |
| **NYC** | **$23,937,992** |
| **Oneida** | **$588,583** |
| **Onondaga** | **$1,127,664** |
| **Ontario** | **$209,353** |
| **Orange** | **$818,017** |
| **Orleans** | **$111,110** |
| **Oswego** | **$390,935** |
| **Otsego** | **$193,412** |
| **Putnam** | **$89,984** |
| **Rensselaer** | **$328,624** |
| **Rockland** | **$721,128** |
| **Saratoga** | **$272,155** |
| **Schenectady** | **$298,363** |
| **Schoharie** | **$85,770** |
| **Schuyler** | **$47,925** |
| **Seneca** | **$103,465** |
| **St Lawrence** | **$418,464** |
| **Steuben** | **$259,040** |
| **Suffolk** | **$1,863,267** |
| **Sullivan** | **$192,420** |
| **Tioga** | **$118,459** |
| **Tompkins** | **$398,823** |
| **Ulster** | **$346,260** |
| **Warren** | **$112,062** |
| **Washington** | **$142,015** |

| | |
|---|---|
| **Wayne** | **$200,848** |
| **Westchester** | **$1,392,656** |
| **Wyoming** | **$105,869** |
| **Yates** | **$71,477** |
| **মোট** | **$46,100,000** |

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন